# ইসলামিক ফাউন্ডেশন

রাঙ্গামাটি জেলা কার্যালয়।

উপপরিচালক এর দপ্তর

www.islamicfoundation.rangamati.gov.bd

স্মারক নং ঃ ১৬.০১.৮৪০০.০২২.০১.০০৮.১৯/০৬(৫০০)

তারিখ: ২৩ পৌষ ১৪৩১
০৭ জানুয়ারি ২০২৫

## জেলা পর্যায়ে সীরাত প্রতিযোগিতার নিবন্ধন-২০২৫

জনাব,

আসসালামু আলাইকুম ওয়া রাহ্‌মাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব, বিশ্ব মানবতার মুক্তির দিশারী হযরত মুহাম্মদ (সা) এর জীবনী সম্পর্কে জানার জন্য ইসলামিক ফাউন্ডেশন প্রথমবারের মতো দেশব্যাপী আয়োজন করতে যাচ্ছে সীরাত প্রতিযোগিতা। এ প্রতিযোগিতা জেলা পর্যায় থেকে শুরু হবে। জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ বিভাগীয় পর্যায়ে ও বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন।

এমতাবস্থায়, ২০২৪-২৫ অর্থবছরের সীরাত প্রতিযোগিতা জেলা পর্যায়ের প্রতিযোগিতা জরুরিভিত্তিতে নিবন্ধন করতে হবে। জেলা পর্যায়ের প্রতিযোগিতা নিম্নরূপ নিয়মাবলী, নির্দেশনা অনুযায়ী নিবন্ধন করার জন্য অনুরোধ করা হলো।

সীরত প্রতিযোগিতার গ্রুপ:

| ক্রম | গ্রুপ | বিবরণ | বয়সসীমা |
|---|---|---|---|
| ০১ | ক | ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থী | অনুর্ধ্ব ১৫ বছর |
| ০২ | খ | ৯ম থেকে ১২শ শ্রেণি পর্যন্ত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থী | অনুর্ধ্ব ১৯ বছর |
| ০৩ | গ | বিশ্ববিদ্যালয় পর্যায়ের জেনারেল ও মাদ্রাসা শিক্ষার্থী | অনুর্ধ্ব ২৭ বছর |

প্রতিযোগিতার জন্য নির্বাচিত সীরাত গ্রন্থ:

| গ্রুপ | বইয়ের নাম | মূল লেখক |
|---|---|---|
| ক | নবীয়ে রহমত | সাইয়েদ আবুল হাসান আলী নভদী |
| খ | সীরাতুল মুস্তফা ১ম-৩য় খন্ড | আল্লামা ইদরীস কান্ধলভী |
| গ | ১) সিরাতে ইবনে হিশাম | আবু মুহাম্মদ আব্দুল মালেক ইবনে হিশাম ইবনে আইয়ুব |
| | ২) আর রাহীকুল মাখতুম | আল্লামা সফিউর রহমান মোবারকপুরী |

প্রতিযোগিতা বাস্তবায়নের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা:

| ক্রম | প্রতিযোগিতার স্থান | প্রতিযোগিতার সময় |
|---|---|---|
| ০১ | প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিবন্ধন | ১২ জানুয়ারি হতে ২৭ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত। |
| ০২ | ইসলামিক ফাউন্ডেশন রাঙ্গামাটি জেলা কার্যালয় | পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। |

প্রতিযোগিতার নিয়মাবলী:

| ক্রম | নিয়মাবলী |
|---|---|
| ০১ | প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু ছাত্র-ছাত্রীদের ১২ জানুয়ারি থেকে ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ইসলামিক ফাউন্ডেশনের রাঙ্গামাটি জেলা কার্যালয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। |
| ০২ | নিবন্ধনকৃত প্রতিযোগীদের নিয়ে জেলা পর্যায়ে সুবিধাজনক সময়ে সীরাত আলোচনার আয়োজন করা হবে। |
| ০৩ | জেলা পর্যায়ের প্রতিযোগিতা সারাদেশে একযোগে একইদিনে অনুষ্ঠিত হবে। |
| ০৪ | জেলা পর্যায়ের প্রতিযোগিতার জন্য প্রধান কার্যালয় থেকে প্রশ্নপত্র সরবরাহ করা হবে। পরীক্ষা শুরুর ১ ঘন্টা পূর্বে জেলা কার্যালয়কে প্রশ্নপত্র সরবরাহ করা হবে। জেলা কার্যালয় ওইদিনই পরীক্ষা ফলাফল প্রকাশ ও বিজয়ী প্রতিযোগীদের নাম ঘোষণা করবে। |
| ০৫ | পরীক্ষার প্রশ্ন এমসিকিউ ও সংক্ষিপ্তাকারে হবে। |
| ০৬ | জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীদের নিয়ে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতাও অনুরূপভাবে অনুষ্ঠিত হবে। |
| ০৭ | জাতীয় পর্যায়ে সীরাত প্রতিযোগিতার প্রথম পুরস্কার ৫০ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ৪৫ হাজার টাকা ও তৃতীয় পুরস্কার ৪০ হাজার টাকাসহ ক্রেস্ট ও সনদপত্র। |

অধ্যক্ষ/প্রিন্সিপাল/প্রধান শিক্ষক/মুহতামিম/সুপার

........................................... কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা

........................উপজেলা, রাঙ্গামাটি।

০৭/০১/২০২৫

(মুহাম্মদ ইকবাল বাহার চৌধুরী)
উপ-পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন, রাঙ্গামাটি।
g-mail: islamicfoundation.rangamati@gmail.com
ফোন: ০২-৩৩৩৩০৫০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

**রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ**

রাঙ্গামাটি পার্বত্য জেলা

ফোন-০২৩৩৩৩৭২৪৮৫, EIIN-107819, স্থাপিত-১৯৯৪

Web-Site: www.rangamatigmc.gov.bd     e-mail: principalrgmc@yahoo.com

তারিখ-১০/০২/২০২৫ খ্রি.

## "জেলা পর্যায়ে সীরাত প্রতিযোগিতার নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি'

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, ২০২৪-২০২৫ অর্থবছরে জেলা পর্যায়ের সীরাত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীকে জেলা পর্যায়ে সীরাত প্রতিযোগিতার নিবন্ধন-২০২৫ পূরণ (সংযুক্ত ফরম) ও প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ গ্রহণপূর্বক আগামী ২৭/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সরাসরি ইসলামিক ফাউন্ডেশন, রাঙ্গামাটি কার্যালয়ে জমাদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

10.02.25

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

ইতি সরকার
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

# জেলা পর্যায়ের সীরত প্রতিযোগিতার নিবন্ধন ফরম

প্রতিযোগিতার গ্রুপ:-  শ্রেণী:-

নাম:- ....................................................................................................

পিতার নাম:- ....................................................................................................

মাতার নাম:- ....................................................................................................

প্রতিষ্ঠানের নাম:- ....................................................................................................

জন্মনিবন্ধন/ জাতীয় পরিচয় পত্র নং-

মোবাইল নং-  হোয়াটস অ্যাপ নং-

জিমেইল আইডিঃ-

বর্তমান ঠিকানাঃ-

গ্রাম:-........................... ইউনিয়নঃ- ........................

ডাকঃ-........................... উপজেলা/থানাঃ-.......................

জেলাঃ-........................

স্থায়ী ঠিকানাঃ-

গ্রাম:-........................... ইউনিয়নঃ- ........................

ডাকঃ-........................... উপজেলা/থানাঃ-.......................

জেলাঃ-........................

প্রতিযোগির স্বাক্ষর  প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

(সীল সহ)

Scanned with CamScanner